গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৩০০

তারিখ: ২২ চৈত্র ১৪২৭
০৫ এপ্রিল ২০২১

বিষয়: **সরকারি খাদ্যশস্য পরিবহণ কাজে নিয়োজিত যানবাহন ও ঠিকাদার/ঠিকাদারের প্রতিনিধিদের চলাচল ও অবস্থান গ্রহণের বিষয়ে সহযোগিতা প্রদান**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ প্রতিরোধের লক্ষ্যে সরকার কর্তৃক ০৫/০৪/২০২১ খ্রি. হতে এক সপ্তাহের লকডাউন ঘোষণা করা হয়েছে। দেশের সরকারি গুদামসমূহে খাদ্যশস্যের মজুত গড়ে তোলার লক্ষ্যে চলাচলসূচির মাধ্যমে খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দেশের খাদ্যশস্যের (চাল/গম) মুজত বৃদ্ধির লক্ষ্যে সরকার কর্তৃক বৈদেশিকভাবে খাদ্যশস্য আমদানি অব্যাহত রয়েছে। আমদানিকৃত খাদশস্য চট্টগ্রাম ও মোংলা বন্দরের মাধ্যমে খালাস করে রেল/সড়ক/নৌপথে দেশের বিভিন্ন অঞ্চলে সরকারি এলএসডি/সিএসডি/সাইলোতে খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম চলমান রয়েছে।

খাদ্য অধিদপ্তর ও খাদ্য অধিদপ্তরাধীন আঞ্চলিক/স্থানীয় কার্যালয়ের অধীনে নিয়োগকৃত ঠিকাদার/ঠিকাদারদের প্রতিনিধির মাধ্যমে সড়ক/নৌ/রেলপথে খাদ্যশস্য পরিবাহিত হয়ে থাকে। সারাদেশে খাদ্যশস্যের চাহিদানুযায়ী সরবরাহ স্বাভাবিক রাখা এবং খাদ্যশস্যের মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণের লক্ষ্যে স্থানীয় এলএসডি/সিএসডিতে খাদ্যশস্যের মজুত বৃদ্ধি করা অত্যাবশ্যক। এ লক্ষ্যে সরকারি জরুরি খাদ্যশস্য পরিবহণের নিমিত্ত ঠিকাদার/ঠিকাদারের প্রতিনিধি ও গুদামের শ্রমিকবৃন্দের সংশ্লিষ্ট জেলা/উপজেলায় অবস্থিত এলএসডি/সিএসডি/সাইলোসমূহে গমনপূর্বক পরিবহণ যান (ট্রাক/নৌযান/রেলওয়াগন) বোঝাই-খালাসের জন্য চলাচল ও অবস্থান গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে খাদ্য অধিদপ্তরের কেন্দ্রীয়/আঞ্চলিক/জেলা কার্যালয় কর্তৃক নিয়োগকৃত সড়ক/নৌ/রেল ঠিকাদার/প্রতিনিধি/গুদামে নিয়োজিত শ্রমিকদের সংশ্লিষ্ট জেলায় চলাচল ও অবস্থান গ্রহণের বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৫-৪-২০২১
শেখ মুজিবর রহমান
মহাপরিচালক

বিতরণ :
১) জেলা পুলিশ সুপার (সকল)
২) উপপুলিশ কমিশনার (সকল).....,

....., ...

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৩০০/১(৮২)

তারিখ: ২২ চৈত্র ১৪২৭
০৫ এপ্রিল ২০২১

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতা ভিত্তিতে নয়)

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়

২) ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

৩) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৪) ডিআইজি (সকল).....

৫) পুলিশ কমিশনার (সকল).....

৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট

৭) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো

৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল).....

১০) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম

১১) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কেন্দ্রীয় খাদ্য পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন, ১৩/২, তোপখানা রোড, ঢাকা-১০০০

১২) মেসার্স.....

৫-৪-২০২১
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক